**জরুরি**



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
www.moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯২

তারিখ: ১২ ভাদ্র, ১৪৩৩ / ২৭ আগস্ট, ২০২৬

**বিষয়: সার ডিলার নিয়োগকল্পে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির মেয়াদ বৃদ্ধি**

সূত্র: (১) সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগের স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৮; তারিখ: ০৫/০২/২০২৬ খ্রি.
(২) সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখার স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৬৮; তারিখ: ০২/০৮/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' ও ২০২৫ (সংশোধিত) নীতিমালা অনুযায়ী দেশের বিভিন্ন জেলার ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহে সার ডিলার নিয়োগ প্রদানের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদন গ্রহণ করা হয়েছিল এবং এখনও আবেদন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' জারি করা হয়েছে। মাঠ পর্যায়ে সার বিতরণ ব্যবস্থাপনার বাস্তবতা বিবেচনায় ডিলার নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনের সময়সীমা **০৩ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ** পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন। এক্ষেত্রে ইতোপূর্বের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। পূর্বের বিজ্ঞপ্তি অনুযায়ী দাখিলকৃত আবেদনপত্রসমূহ ও বর্ধিত সময়ে প্রাপ্ত আবেদনসমূহের সাথে একত্রে যাচাই-বাছাই করে চূড়ান্ত সিদ্ধান্তের জন্যে কৃষি মন্ত্রণালয়ের 'সার ডিলার সংক্রান্ত কেন্দ্রিয় ব্যবস্থাপনা কমিটি'র অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

০২। বর্ণিতাবস্থায়, ইতোপূর্বে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ ও ২০২৫ (সংশোধিত) অনুযায়ী বিভিন্ন জেলায় সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতায় সার ডিলার হিসেবে আবেদনের সময়সীমা **০৩ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ** পর্যন্ত বৃদ্ধি করা হলো। প্রাপ্ত সকল আবেদন 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' অনুযায়ী যাচাই-বাছাইপূর্বক নিয়োগ চূড়ান্ত করা হবে।

**সংযুক্তিঃ** সূত্রোল্লিখিত পত্র

(ড. মুহাম্মদ জাহাঙ্গীর আলম)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০১১৪
E-mail: jsfmm@moa.gov.bd

**প্রাপক:**

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ---------------------------------জেলা (সকল)।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ------------- জেলা (সকল)।

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯২

তারিখ: ১২ ভাদ্র, ১৪৩৩ / ২৭ আগস্ট, ২০২৬

**অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১। মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং আহ্বায়ক, সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্যে মন্ত্রিসভা কমিটি;
২। মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও মন্ত্রণালয় এবং সদস্য, সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্যে মন্ত্রিসভা কমিটি;
৩। মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং সদস্য, সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্যে মন্ত্রিসভা কমিটি;
৪। মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৫। উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);

৬। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৭। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯। অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। অফিস কপি।

29.01.2026

(ড. মুহাম্মদ জাহাঙ্গীর আলম)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০১১৪
E-mail: jsfmm@moa.gov.bd